

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪২১৭

শান্তিরবাজার, ১৪ ডিসেম্বর, ২০২৩

৯ জানুয়ারি থেকে তিনদিনব্যাপী পিলাক পর্যটন উৎসব

আগামী ৯ জানুয়ারি থেকে শুরু হচ্ছে তিনদিনব্যাপী পিলাক পর্যটন উৎসব। পশ্চিম পিলাক দ্বাদশ শ্রেণী বিদ্যালয় মাঠে এই উৎসব আয়োজনের উদ্দেশ্যে সম্প্রতি বিদ্যালয়ের হলঘরে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। সভায় আলোচনাক্রমে সিদ্ধান্ত হয় পর্যটন উৎসব উপলক্ষে ২০টি বিভিন্ন দপ্তর থেকে প্রদর্শনী মন্ডপ খোলা হবে। প্রতিদিন সন্ধ্যায় তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে বিদ্যালয়ের মুক্তমঞ্চে অনুষ্ঠিত হবে সাংস্কৃতিক অনুষ্ঠান। প্রস্তুতি সভায় সভাপতিত্ব করেন পশ্চিম পিলাক পঞ্চায়েতের প্রধান মণিবালা দাস। এছাড়াও উপস্থিত ছিলেন দক্ষিণ ত্রিপুরা জিলা পরিষদের সহকারি সভাধিপতি বিভীষণ দাস, জোলাইবাড়ি পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান রবি নম:, শান্তিরবাজার মহকুমার মহকুমা শাসক অভেদানন্দ বৈদ্য ও মহকুমা পুলিশ আধিকারিক সৌগত চাকমা।

\*\*\*\*\*